

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
সরকারি কলেজ-৩ অধিশাখা
www.shed.gov.bd

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.২০২১. ৭৬৯

তারিখ:

১৫ অগ্রহায়ণ ১৪২৮
৩০ নভেম্বর ২০২১ খ্রি.

প্রজ্ঞাপন

যেহেতু, বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মো: মন্ডল হাসান জাহীদ (১৭৭৯২), প্রভাষক (গণিত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে The University of Texas at Arlington. USA-তে পি.এইচ.ডি. কোর্সে গবেষণার জন্য এ বিভাগের ০৭/০৭/২০১৫ খ্রিষ্টাব্দের ৭৫৪ নং স্মারক অনুযায়ী ০৪ (চার) বছরের প্রেষণ মঞ্জুর করা হয়। পরবর্তীতে এ বিভাগ হতে পূর্বের প্রেষণের ধারাবাহিকতায় তাঁকে আরো ০৪ (চার) মাস ১৫ (পনের) দিনের প্রেষণ মঞ্জুর করা হয়;

যেহেতু, তাঁর প্রেষণের মেয়াদ ৩১/০৫/২০২০ তারিখে শেষ হলেও তিনি অদ্যাবধি কর্মে অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। এ বিষয়ে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর হতে তাঁর নিকট ব্যাখ্যা চাওয়া হলে তিনি জবাবে কর্মে যোগদানের পরিবর্তে নতুন করে পোস্ট ডক্টরাল কোর্সের জন্য ০১ (এক) বছরের শিক্ষাছুটি মঞ্জুরের আবেদন করেন। উল্লেখ্য গত ২৮/০৭/২০২০ খ্রিষ্টাব্দে তাঁর অনুপস্থিতকাল ০৫ (পাঁচ) বছর পূর্ণ হওয়ায় তাঁর বিরুদ্ধে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত হয়;

যেহেতু, সে অনুযায়ী জনাব মো: মন্ডল হাসান জাহীদ-কে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেন। বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ এ উল্লেখ আছে যে, একজন সরকারি কর্মকর্তা ছুটি অথবা ছুটি ব্যতীত একনাগাড়ে ০৫ (পাঁচ) বছরের অধিককাল কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাঁর চাকরির অবসান হবে (Ceases to be in Government employ);

যেহেতু, বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী জনাব মো: মন্ডল হাসান জাহীদ-কে চাকরি হতে অবসান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়। উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত প্রকাশ করেছে এবং মহামান্য রাষ্ট্রপতি সানুগ্রহ সম্মতি জ্ঞাপন করেছেন;

সেহেতু, জনাব মো: মন্ডল হাসান জাহীদ (১৭৭৯২), প্রভাষক (গণিত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা-কে বি.এস.আর. পার্ট-১ এর বিধি-৩৪ অনুযায়ী ২৯/০৭/২০২০ খ্রিষ্টাব্দ হতে সরকারি চাকরি হতে অবসান (Ceases to be in Government employ) করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।


রাষ্ট্রপতির আদেশক্রমে,
স্বাক্ষরিত/-
তারিখ: ২৫/১১/২০২১
(মোঃ মাহবুব হোসেন)
সচিব

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০১০.২০২১. ৭৮৯/০(১০) তারিখ:

১৫ অগ্রহায়ণ ১৪২৮
৩০ নভেম্বর ২০২১ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:

১. সচিব, বাংলাদেশ সরকারি কর্মকমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা (জনাব মো: মন্ডল হাসান জাহীদ এর ব্যক্তিগত নথিতে/ডোসিয়ারে প্রজ্ঞাপনটি সংরক্ষণের অনুরোধসহ)।
৩. মাননীয় শিক্ষামন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৪. মাননীয় শিক্ষা উপমন্ত্রীর একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬. উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের অনুরোধসহ)।
৭. অধ্যক্ষ.....।
৮. সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৯. বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা.....।
১০. জনাব মো: মন্ডল হাসান জাহীদ (১৭৭৯২), প্রভাষক (গণিত), বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।


৩০/১১/২১
(চৌধুরী সামিয়া ইয়াসমীন)
উপসচিব
ফোন: ৯৫৫৩২৭৬